

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd


নং-০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৩

তারিখ: ০৯ চৈত্র ১৪২৬
২৩ মাচ ২০২০

বিষয়: করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধকল্পে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ।

সম্প্রতি বাংলাদেশে করোনাভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব দেখা দিয়েছে এবং ক্রমাগতই এর বিস্তার ঘটছে। করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সচেতনতার কোনো বিকল্প নেই। করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদেরকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) দর্শনার্থী সীমিত করুন; তাদের সাথে সাক্ষাতে নির্দিষ্ট দূরত্ব বজায় রাখুন;
- (খ) অফিসের অভ্যন্তরে এক শাখা হতে অন্য শাখায় অপয়োজনীয় যাতায়াত এবং আলাপ হতে বিরত থাকুন;
- (গ) অফিসে প্রবেশ করে হ্যান্ডওয়াশ/সাবান-পানি দিয়ে ভালভাবে হাত ধুয়ে ফেলুন এবং অফিসে অবস্থানকালীন একাধিকবার হাত ধুয়ে ফেলুন;
- (ঘ) বাহির হতে সরবরাহকৃত প্যাকেটের নান্দা/খাবার পরিহার করুন;
- (ঙ) অফিসে নিজের ব্যবহৃত জিনিষপত্র (প্লেট, খালা, চায়ের কাপ ইত্যাদি) নিজে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখুন;
- (চ) অফিসের/টয়লেটের দরজার হ্যান্ডেল/হাতল/লক/বৈদ্যুতিক সুইচ, আলমিরার হ্যান্ডেল/হাতল/লক ইত্যাদি জীবানু নাশক দিয়ে পরিষ্কার রাখুন;
- (ছ) যথাসম্ভব ই-নথি ব্যবহার করুন;
- (জ) অফিসের হার্ড ফাইল/কাগজপত্রাদি স্পর্শ করার পর হ্যান্ডওয়াশ/সাবান-পানি দিয়ে ভালভাবে হাত ধুয়ে ফেলুন;
- (ঝ) মুখে/নাকে/কানে অথবা হাত দেওয়া থেকে বিরত থাকুন;
- (ঞ) যথাসম্ভব লিফট ব্যবহার না করে সিডি ব্যবহার করুন;
- (ট) নিয়ন্ত্রণকারী কর্মকর্তাবৃন্দ তার অধীন কর্মকর্তা/কর্মচারীদের করোনা সর্তকতামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে দৃষ্টি রাখবেন;
- (ঠ) যানবাহনের স্টিয়ারিং/হাতল/শ্লেয়ার জীবানুনাশক দিয়ে পরিষ্কার রাখুন;
- (ড) লক-ডাউন এলাকায় বসবাসকারী/হোম কোয়ারেন্টিনে কেউ থাকলে; সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে অবহিত করে অফিসে আসা থেকে বিরত থাকুন;
- (ঢ) করোনাভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় সরকারের এবং বিশেষজ্ঞগণের পরামর্শ বাসায় ও অফিসে প্রতিপালন করুন।


২৩.০৬.২০২০
(মো: এনামুল হক)
উপসচিব(প্রশাসন-১)
ফোন: ৯৫৪০২১৮
adminint@mopa.gov.bd

বিতরণ-সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিষ্টার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/বিসিএস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

F:\Office folder\CIRCULAR\For Dengue.docx

অপরপৃষ্ঠা-০২ দ্রষ্টব্য

৫. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয় (তৌর অধীন শাখা/অধিশাখার কর্মকর্তা/কর্মচারীদেরকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৮. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৯. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।
১০. পরিচালক, সরকারি কর্মচারি হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব-সাইট এবং ভাইবার গ্রুপে প্রকাশের অনুরোধসহ)।
১৪. অফিস কপি/মাস্টার ফাইল।